

কে রে ওই ডাকিছে,
স্নেহের রব উঠিছে জগতে জগতে—
তোরা আয় আয় আয় আয় ॥
তাই আনন্দে বিহঙ্গ গান গাহে,
প্রভাতে সে সুধাস্বর প্রচারে ॥
বিষাদ তবে কেন, অক্ষু বহে চোখে,
শোককাতর আকুল কেন আজি !
কেন নিরানন্দ, চলো সবে যাই—
পূর্ণ হবে আশা ॥

Parjaay: Puja, Taal: Dhamaar, Raag: Alahia-Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail